

# বাড়বে বৃদ্ধি

নিজস্ব প্রতিবেদন: গাড়ি বিক্রির পরিমাণ পাঁচ গুণ বাড়ানোর পরিকল্পনা নিয়েছে হিন্দ মোটরস। ২০১৩-১৪ আর্থিক বছরে ৫০ হাজার গাড়ি বিক্রির লক্ষ্যমাত্রা নিয়েছে সংস্থা। শেষ হওয়া আর্থিক বছরে ১০ হাজার গাড়ি বিক্রি হয়েছিল। সংস্থার ম্যানেজিং ডিরেক্টর মনোজ বা এই কথা জানিয়েছেন। তিনি বলেন, 'বাণিজ্যিক যানের দিকে অনেক বেশি নজর দেওয়া হচ্ছে। বর্তমানে যাত্রীবাহী গাড়ি এবং বাণিজ্যিক যানের বিক্রির অনুপাত ৮০: ২০। এই অনুপাতকে ৫০: ৫০ করার কথা ভাবা হয়েছে।' এদিন ছোট বাণিজ্যিক গাড়ি 'ভীর' আনুষ্ঠানিক ভাবে বাজারে আনা হল। আরও চারটি গাড়ি এই অর্থবর্ষে বাজারে আনতে চায় হিন্দ মোটরস।